# যশোর বোর্ড-২০১৬

**উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন : প্রথম পত্র** বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১.▶শ্রী ধীমান ঘোষ রসমালাইসহ বিভিন্ন ধরনের মিষ্টান্ন দ্রব্য তৈরি করেন। ঐতিহ্য ও পূর্ব সুনামের কারণে তার মিষ্টিজাতীয় দ্রব্যের প্রচুর চাহিদা রয়েছে। অন্যদিকে একই শহরের মিষ্টি ব্যবসায়ী শ্রী অলক ঘোষের সম্প্রতি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সমমানের মিষ্টান্ন তৈরি হওয়া সত্ত্বেও বিভিন্ন ধরনের মিষ্টান্ন অবিক্রীত থেকে যায়। এ সমস্যা নিরসন করার জন্য শ্রী অলক ঘোষ তার প্রতিষ্ঠানের মিষ্টান্নদ্রব্য বাংলাদেশের বিভিন্ন এলাকায় সরবরাহের উদ্যোগ গ্রহণ করেন।

ক. উৎপাদন কী? ১

খ. 'উন্নত কার্য পরিবেশের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি পায়'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে শ্রী ধীমান ঘোষ কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সংকট নিরসনে শ্রী অলক ঘোষের গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

২.▶মি. হায়দার কুমিল্লায় একটি রপ্তানিমুখী গার্মেন্টস কারখানা গড়ে তোলেন। কারখানায় উন্নতমানের পণ্যসামগ্রী উৎপাদিত হওয়ায় বিদেশে পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। কিন্তু স্থানের অভাবে কারখানার আয়তন বৃদ্ধি করতে না পারায় যোগান বৃদ্ধি করতে পারছেন না।

ক. ব্যবসায় জোট কী? ১

খ. 'ভূমি প্রকৃতির দান'— ব্যাখ্যা করো। ২

গ. মি. হায়দার উৎপাদনের কোন উপকরণের অভাবে পণ্যের যোগান বৃদ্ধি করতে পারছেন না? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকে হায়দারের কাজ ও কর্মীদের কাজ এক নয়'— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৩. জনাব তৌহিদের জুতা কারখানায় বর্তমানে ২০০ জন শ্রমিক কর্মরত রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে তার বিনিয়োগের পরিমাণ ২০ কোটি টাকা। তৌহিদের প্রতিষ্ঠানটির সাফল্য দেখে তার বন্ধু আজিম কতিপয় বন্ধুসহ একই স্থানে অন্য একটি জুতা কারখানা স্থাপন করেন। তাদের শিল্পে বিনিয়োগের পরিমাণ ৩৫ কোটি টাকা। ৩০০ জন শ্রমিক নিয়োগের মাধ্যমে আজিমের ব্যবসায়টিও সফলতার সাথে এগিয়ে চলেছে।

Teachingbd.com

http://teachingbd.com

ক. মাত্রাজনিত ব্যয় সংকোচ কী? ১

খ. 'কাম্য উৎপাদন মাত্রায় উৎপাদন ব্যয় কম'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে তৌহিদের প্রতিষ্ঠানটি মাত্রা অনুযায়ী কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠান দুটির মধ্যে দেশের জাতীয় অর্থনীতিতে কোনটির ভূমিকা অধিক? ধরন উল্লেখপূর্বক মতামত দাও। ৪

৪.▶হোটেল সাগরিকা দেশি ও বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্র সৈকতের পাশে অবস্থিত হওয়ায় এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ইতালি থেকে একদল বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে এসে এ হোটেলে উঠে। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদা ও পছন্দ মোতাবেক সেবা প্রদান করায় শিক্ষার্থীগণ উপকৃত হয়। ফলে এ হোটেলের সুনাম দেশের বাইরেও ছড়িয়ে পড়ে।

ক. দ্রব্য কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থাপনা উৎপাদন নিয়ন্ত্রণ করে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো শুধু কাস্টমাইজেশনের কারণেই হোটেল সাগরিকার সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৫.▶'শক্তি ব্যাটারি লি.' সুনামের সাথে দীর্ঘদিন যাবৎ গাড়ির ব্যাটারি উৎপাদন ও বিপণন করছে। সম্প্রতি ব্যাটারির সমস্যার কারণে একটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। গাড়ির মালিক কোম্পানির বিরুদ্ধে মামলা করে। এ কারণে কোম্পানিকে বড় অংকের অর্থ ক্ষতিপূরণ দিতে হয়। 'শক্তি ব্যাটারি লি.' কর্তৃপক্ষ এখন কঠোরভাবে মান নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নিয়েছেন।

ক. ISO এর পূর্ণ রূপ কী? ১

খ. সার্বিক মান ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ক্রেতাকে প্রদত্ত ক্ষতিপূরণ কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিম্নমান কি প্রতিষ্ঠানের জন্য ব্যয়বহুল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৬. ▶ জনাব আবিদ হাসান একটি সিমেন্ট কারখানায় চাকরি করেন। কারখানাটি নারায়ণগঞ্জের মেঘনা নদীর তীরে অবস্থিত। আবিদ হাসানের ছোট ভাই আজাদ একটি ঔষধের দোকান দেয়ার চিন্তা করছে। জনাব আবিদ তাকে ঢাকা মেডিকেল বা পিজি হাসপাতালের কাছে দোকান খুঁজতে বললেন। এতে ক্রেতা পাওয়া সহজ হবে। আজাদ বলল, ক্রেতা এত গুরুত্বপূর্ণ হলে সিমেন্ট কারখানা নদীর তীরে কেন? আবিদ সাহেব বললেন, ব্যবসায় অবস্থানের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতিও বিবেচনা করতে হবে।

ক. শিল্প এলাকা কী? ১

খ. উৎপাদন ক্ষমতা সংরক্ষণ করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি নদীর তীরে অবস্থানের ক্ষেত্রে কোন উপাদানটির প্রভাব সর্বাধিক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায়ের অবস্থান সম্পর্কিত জনাব আবিদের বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

৭. ▶ নিচে 'X' ও 'Y' দুটি দেশের বিভিন্ন তথ্য উপস্থাপন করা হলো—

| তথ্যের বিবরণ | X দেশ (কোটি ডলার) | Y দেশ (কোটি ডলার) |
|---|---|---|
| মোট ভোগ ব্যয় | ১,০০০ | ১,০০০ |
| বিনিয়োগ ব্যয় | ৩,০০০ | ৪,০০০ |
| সরকারি ব্যয় | ৫,০০০ | ৩,০০০ |
| মোট রপ্তানি | ২,০০০ | ২,০০০ |
| মোট আমদানি | ৪০০ | ৩০০ |
| অবচয়/মূলধনজনিত ব্যয় | ১০০ | ১০০ |
| জনসংখ্যা | ২ কোটি | ২ কোটি |

ক. মাথাপিছু আয় কী? ১

Teachingbd.com

খ. 'জাতীয় আয় একটি দেশের অর্থনৈতিক অবস্থার মানদণ্ড'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'X' দেশের নিট জাতীয় উৎপাদন নির্ণয় করো। ৩

ঘ. 'X' ও 'Y' দেশের মধ্যে কোন দেশের জনগণের জীবন যাত্রার মান ভালো? তা মূল্যায়ন করো। ৪

৮. ▶ মি. রাহুল ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে চৌদ্দগ্রাম এলাকায় একটি সিএসজি ফিলিং স্টেশন স্থাপন করেন। প্রতিদিন কয়েকশত গাড়ি স্টেশন থেকে সিএনজি লোড করে। গাড়িতে সিএসজি লোড করার জন্য যে সময় প্রয়োজন হয় সে সময়ে অধিকাংশ চালক ও যাত্রীগণ অলস সময় কাটায়, এ বিষয়টি মাথায় রেখে তিনি সিএনজি স্টেশনের পাশাপাশি একটি রেস্টুরেন্ট চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেন। পরবর্তীতে তিনি রেস্টুরেন্টের পাশাপাশি আবাসিক হোটেল ব্যবসায় শুরু করেন, ফলে স্বল্প সময়ের মধ্যে তিনি সফল ব্যবসায়িরূপে আবির্ভূত হলেন।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. 'ব্যবসায় অবস্থান নির্বাচনের উপর ব্যবসায়ের সাফল্য নির্ভরশীল'। ব্যাখ্যা করো। ২

গ. মি. রাহুল সিএনজি স্টেশন স্থাপনে কোন দিকটি বিবেচনা করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রাহুলের ব্যবসায়িক সফলতা অর্জনে স্থান নির্বাচন কতটুকু? যুক্তিযুক্ত? ব্যাখ্যা করো। ৪

৯. ▶ কামাল গার্মেন্টিস লি. প্রতিষ্ঠানটিতে কর্মীদের জন্য সব সুযোগ-সুবিধা বিদ্যমান রয়েছে। সম্প্রতি প্রতিষ্ঠানটি তার প্রযুক্তিগত দিক আধুনিকীকরণের জন্য জাপান থেকে উন্নতমানের যন্ত্রপাতি সংগ্রহ করেছে, যার উৎপাদন ক্ষমতা দৈনিক ৮ হাজার মিটার। কিন্তু দক্ষ লোকবলের অভাবে ৫ হাজার মিটারের বেশি উৎপাদন হচ্ছে না। এতে কর্তৃপক্ষ চিন্তিত।

ক. প্রকৃত উৎপাদন ক্ষমতা কী? ১

খ. কীভাবে কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ধারণ করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ধরনের উৎপাদন ক্ষমতার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উৎপাদনের কোন উপাদানের দুর্বলতার কারণে প্রতিষ্ঠানটির উৎপাদন ক্ষমতা হ্রাস পাচ্ছে? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০ **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. উৎপাদনের উপকরণ কয়টি?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২. কোনো দ্রব্য বা সেবার অভাবমোচনের ক্ষমতাকে কী বলে?**
ক উৎপাদন খ চাহিদা
গ উপযোগ ঘ যোগান

**৩. কোনটি উৎপাদনশীলতার সূত্র?**
ক $\frac{\text{মোট উৎপাদনের মূল্য}}{\text{মোট উপকরণের মূল্য}}$
খ $\frac{\text{মোট উৎপাদিত পণ্য}}{\text{মোট শ্রমের পরিমাণ/ঘণ্টা}}$
গ $\frac{\text{মোট উৎপাদিত পণ্য}}{\text{মোট যন্ত্রপাতি}}$ ঘ $\frac{\text{ইনপুট}}{\text{আউটপুট}}$

**৪. মানুষের দৈনন্দিন জীবনের সকল অর্থনৈতিক কার্যক্রম নিচের কোনটির ওপর নির্ভরশীল?**
ক ভোগ খ উৎপাদন গ সম্পদ ঘ দায়

**৫. কাপড় কেটে পোশাক তৈরিতে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?**
ক স্থানগত খ রূপগত
গ সময়গত ঘ সেবাগত

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জামান রাজশাহী থেকে আম সংগ্রহ করে ঢাকায় বিক্রয় করতেন। তিনি সম্প্রতি রাজশাহীতে আম প্রক্রিয়াকরণের একটি কারখানা স্থাপন করেন। এখানে তিনি উন্নতমানের জাম, জেলি, চাটনি ও আচার প্রভৃতি তৈরি করে বিক্রয় করেন।

**৬. জামান কোন ধরনের উপযোগ সৃষ্টি করেন?**
ক রূপগত খ সময়গত
গ স্থানগত ঘ সেবাগত

**৭. উদ্দীপকে বর্ণিত কারখানা স্থাপনের দ্বারা ভোক্তারা যেভাবে উপকৃত হতে পারে তা হলো—**
i. উন্নতমানের পণ্য প্রাপ্তি
ii. বিভিন্ন ধরনের পণ্য
iii. স্বল্পমূল্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. শ্রম বিভাগের ফলে—**
i. অপচয় বৃদ্ধি পায়
ii. শ্রমিকের দক্ষতা বৃদ্ধি পায়
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. উৎপাদনের গতিশীল উপাদান কোনটি?**
ক ভূমি খ শ্রম
গ মূলধন ঘ সংগঠন

**১০. মূলধনের খরচ হলো—**
ক সুদ খ ঋণ গ বন্ড ঘ শেয়ার

**১১. ভূমির বৈশিষ্ট্য হলো—**
i. মানবিক উপাদান
ii. অমিষ ও অক্ষয়
iii. প্রকৃতির দান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস শাকিলা আলম একজন হারবাল কসমেটিকসের উৎপাদক এবং বিক্রয়কারী প্রতিষ্ঠানের মালিক। দেশের বড় বড় শহরে তার কয়েকটি প্রতিষ্ঠান রয়েছে। প্রতিষ্ঠানে কর্মরত কর্মীরা দক্ষতার সাথে কাজ করলেও উপযুক্ত পারিশ্রমিক না পেয়ে অন্যত্র চলে যায়। এতে শাকিলার প্রতিষ্ঠান বেশ ক্ষতির সম্মুখীন হয়।

**১২. উদ্দীপকে কর্মীদের অন্যত্র চাকরি নেয়াকে কী বলে?**
ক চাকরির গতিশীলতা খ মূলধনের গতিশীলতা
গ শ্রমের গতিশীলতা ঘ সংগঠনের গতিশীলতা

**১৩. শাকিলার প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হওয়ার কারণ—**
i. শ্রমনীতি যথাযথ প্রয়োগ না করা
ii. সাংগঠনিক দক্ষতার অভাব
iii. পর্যাপ্ত মূলধনের অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. অন্যান্য অবস্থা অপরিবর্তিত রেখে উৎপাদন মাত্রা অধিক হলে একক প্রতি উৎপাদন ব্যয় কেমন হয়?**
ক হ্রাস পায় খ বৃদ্ধি পায়
গ স্থির থাকে ঘ স্বাভাবিক থাকে

**১৫. ক্ষুদ্রায়তনের সেবাদানকারী এন্টারপ্রাইজের শ্রমিকের সংখ্যা কত?**
ক ১০ — ২০ খ ১০ — ২৫
গ ১০ — ৩০ ঘ ১০ — ৪০

**১৬. ইনপুট কী?**
ক উৎপাদিত পণ্য খ উৎপাদনের উপকরণ
গ উৎপাদন প্রক্রিয়া ঘ উৎপাদন বিন্যাস

**১৭. কোনটি বৃহদায়তন এন্টারপ্রাইজের বৈশিষ্ট্য?**
ক স্বল্প সংখ্যক কর্মী খ বিস্তৃত বাজার
গ গোপনীয়তা রক্ষা ঘ দ্রুত সিদ্ধান্ত

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. ফাহিম ৫৫ কোটি টাকা ব্যয়ে গাজীপুরে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে ২৭৫ জন কর্মী রয়েছে। অনুকূল পরিবেশ থাকা সত্ত্বেও প্রথম দিকে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হচ্ছিল। এ অবস্থায় সঠিক ব্যবস্থাপনায় ও কর্মীদের উন্নত প্রশিক্ষণের মাধ্যমে প্রতিষ্ঠানটি উৎপাদনের লক্ষ্য মাত্রা অর্জনে সক্ষম হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি বেশি লাভজনক অবস্থায় আছে।

**১৮. মি. ফাহিমের প্রতিষ্ঠানটি কোন মাত্রার এন্টারপ্রাইজের অন্তর্ভুক্ত?**
ক ক্ষুদ্র খ মাঝারি
গ অতিক্ষুদ্র ঘ বৃহদায়তন

**১৯. প্রতিষ্ঠানটি বর্তমান অবস্থায় উন্নীত হবার কারণ—**
i. সর্বনিম্ন উৎপাদন ব্যয়
ii. সর্বোচ্চ মাত্রায় উৎপাদন
iii. অধিক কর্মী নিয়োগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

২০. জাতীয় উৎপাদনের আর্থিক মূল্যের সমষ্টিকে কী বলে?
ক মোট জাতীয় আয় খ মোট ব্যক্তিগত আয়
গ মোট সামষ্টিক আয় ঘ মোট ব্যয়যোগ্য আয়

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

| উপাদান | পরিমাণ (কোটি টাকা) |
|---|---|
| ভোগ ব্যয় | ৩০০ |
| মোট বিনিয়োগ | ২০০ |
| খাজনা | ১৪০ |
| সরকারি ব্যয় | ২১০ |
| মজুরি ও বেতন | ১৪৫ |
| সুদ | ২০০ |
| মুনাফা | ১২৫ |

২১. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে আয় পদ্ধতিতে GNP কত কোটি?
ক ৩০০ খ ৪১০ গ ৬১০ ঘ ৭১০

২২. উদ্দীপকের তথ্য মতে ব্যয় পদ্ধতি GNP কত কোটি?
ক ৬৪০ খ ৭১০ গ ৮৫০ ঘ ৯৯৫


২৩. প্রবাসীদের প্রেরিত অর্থ যেটির অন্তর্ভুক্ত হবে তা হলো—
i. মাথাপিছু আয় ii. জাতীয় আয়
iii. দেশজ আয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. জীবনযাত্রার মান নির্ভর করে যার ওপর তা হলো—
i. GNP ii. GDP
iii. CCA
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. সেবার বৈশিষ্ট্য কোনটি?
ক হস্তান্তরযোগ্য খ দৃশ্যমান
গ অপ্রদর্শনীয় ঘ মূল্যহীন

২৬. বিশেষ গ্রাহকের বিশেষ চাহিদা পূরণের নাম কী?
ক কেন্দ্রীয়করণ খ কাস্টমাইজেশন
গ সিমুলেশন ঘ পরোক্ষ সেবা

২৭. নিম্নের চিত্রটি কোন ধরনের লে-আউট?




ক প্রসেস খ ফিক্সড পজিশন
গ প্রোডাক্ট ঘ ওয়্যারহাউজ

২৮. লে-আউটের বৈশিষ্ট্য হলো—
i. ন্যূনতম নাড়াচাড়া করা
ii. স্থানের সর্বনিম্ন ব্যবহার
iii. নমনীয়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. কেন উৎপাদন ক্ষমতা কমে যায়?
i. পরিচালনার কারণে ii. কর্মীদের অসহযোগিতায়
iii. ব্যবস্থাপনার অদক্ষতায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
মি. লালুর বাড়ি রাজশাহী-নওগাঁ বাইপাস রাস্তার ধারে। সেখান থেকে স্থানীয় বাজার একটু দূরে। নিজের জমিতে অনেক টাকা ব্যয়ে তিনি শহরের মতো বড় দোকান দিলেন। পর্যাপ্ত জিনিসপত্র থাকলেও তেমন বিক্রি হয় না।

৩০. উদ্দীপকে মি. লালুর দোকানটি কীসের কারণে বন্ধের উপক্রম হয়েছে?
ক উপযুক্ত অবস্থান খ পর্যাপ্ত মূলধন
গ যোগাযোগ ব্যবস্থা ঘ ক্রেতার সংখ্যা

৩১. ব্যবসায় সফলতা লাভের জন্য মি. লালুর কী করা উচিত?
ক বিজ্ঞাপন দেয়া খ মূলধন সংগ্রহ করা
গ শহরে স্থানান্তর করা ঘ বন্ধ করে দেয়া

৩২. ISO-এর পূর্ণ রূপ কী?
ক International standard organization
খ Interated standard organization
গ Institute of standard organization
ঘ International Organization for standardization

৩৩. মানসম্মত পণ্য পেলে বেশি খুশি হন কে?
ক উৎপাদনকারী খ বিক্রেতা
গ ক্রেতা ঘ বণ্টনকারী

৩৪. BSTI কী ধরনের প্রতিষ্ঠান?
ক অব্যবসায়িক খ মান নিয়ন্ত্রণকারী
গ ব্যবসায়িক ঘ আন্তর্জাতিক

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
ফ্যাশন ডিজাইনার রিমা ঈদ উপলক্ষ্যে সাত রঙের সুতা ও জরির কাজ করা পাঞ্জাবি তৈরি করলেন। আধুনিক ডিজাইন সমৃদ্ধ পাঞ্জাবির দাম বেশি ও সিল্কের কাপড়ের তৈরি হওয়ায় মুসলিম ক্রেতারা তা প্রত্যাখ্যান করল।

৩৫. উদ্দীপকে কোন ধরনের ডিজাইন ব্যবহার করা হয়েছে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

৩৬. পাঞ্জাবি প্রত্যাখ্যাত হওয়ার কারণ হলো—
i. ক্রেতার আয় নতুন ii. ধর্মীয় অনুভূতি
iii. নতুন প্রযুক্তির ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. শিল্প স্থাপনের জন্য জ্বালানি হিসেবে কীসের প্রয়োজন?
ক সৌরবিদ্যুৎ খ কয়লা
গ কেরোসিন ঘ বিদ্যুৎশক্তি

৩৮. বাংলাদেশের উত্তরাঞ্চলে শিল্পকারখানা গড়ে না উঠার কারণ কী?
ক কাঁচামালের খ শক্তি সম্পদের
গ মূলধনের ঘ শ্রমিকের

৩৯. উৎপাদন কোন ধরনের প্রক্রিয়া?
ক গতিশীল খ স্থির
গ চলমান ঘ মন্থর

৪০. উৎপাদন ক্ষমতা উৎপাদনের কোন মাত্রা?
ক স্বাভাবিক খ সর্বোচ্চ
গ কাঙ্ক্ষিত ঘ গড়

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com